# নিয়োগ বিজ্ঞপ্তি

## কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি

### পদবী: সশস্ত্র নিরাপত্তা প্রহরী / গানম্যান

**দায়িত্বসমূহ:**

- ব্যাংকের প্রাঙ্গণে প্রবেশাধিকার সতর্কতার সাথে পর্যবেক্ষণ এবং নিয়ন্ত্রণ করা।
- গ্রাহক, কর্মী এবং সম্পদের নিরাপত্তা নিশ্চিত করা।
- জরুরি পরিস্থিতিতে দ্রুত ও কার্যকরভাবে ব্যবস্থা নেয়া।
- নির্ধারিত আগ্নেয়াস্ত্র রক্ষণাবেক্ষণ ও ব্যবস্থাপনা করা এবং নিরাপত্তা প্রোটোকল মেনে চলা।
- নিয়মিত টহল পরিচালনা করা এবং সন্দেহজনক কার্যকলাপ রিপোর্ট করা।
- কোন প্রকার সমস্যা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কে অবহিত করা।
- দৈনিক নিরাপত্তা প্রতিবেদন প্রস্তুত করা এবং ঘটনাবলির ডকুমেন্টেশনে সহায়তা করা।
- ব্যাংকের অভ্যন্তরে ও বাইরের প্রাঙ্গণে নিয়মিত টহল পরিচালনা করা।
- সন্দেহজনক কার্যকলাপ শনাক্ত ও সম্ভাব্য হুমকি প্রতিরোধে সর্বদা সতর্ক থাকা।
- আগ্নেয়াস্ত্র ব্যবহারের নিরাপত্তা নির্দেশনা ও আইনগত বিধিনিষেধ কঠোরভাবে অনুসরণ করা।
- ডিউটিরত অবস্থায় সিকিউরিটি পোশাক পরিধান বাধ্যতামূলক।

**প্রয়োজনীয় যোগ্যতা:**

- সর্বনিম্ন এসএসসি পাশ
- সশস্ত্র প্রহরী হিসেবে ন্যূনতম ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে
- অবসরপ্রাপ্ত সেনা, বিজিবি বা পুলিশ সদস্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
- বৈধ আগ্নেয়াস্ত্র ব্যবহারের লাইসেন্সধারী হতে হবে
- ০.১২ বোর শটগান চালনার প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

**অন্যান্য যোগ্যতা:**

- শৃঙ্খলাবোধ, দায়িত্বশীলতা এবং সতর্কতার জ্ঞান থাকা আবশ্যক।
- সুস্বাস্থ্যের অধিকারী।
- সঠিকভাবে দায়িত্ব পালনের প্রয়োজনীয় শারীরিক সক্ষমতা।
- সৎ, বিশ্বস্ত এবং সময়নিষ্ঠ হতে হবে।

**কর্মস্থল:** বাংলাদেশের যেকোনো শাখা/স্থাপনা

**চাকুরির ধরণ:** স্থায়ী

**বেতন ও অন্যান্য সুবিধা:**

- ব্যাংকের নীতিমালা অনুযায়ী বেতন
- উৎসব ভাতা, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি ও অন্যান্য সুবিধা (নীতিমালা অনুযায়ী)

**আবেদনের পদ্ধতি:**

আগ্রহী প্রার্থীগণ সদ্য তোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, জীবনবৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, বন্দুক চালনার লাইসেন্সের ফটোকপি, অবসরপ্রাপ্ত সদস্যদের ক্ষেত্রে অবসর সনদ ও অভিজ্ঞতার প্রমাণপত্রসহ আবেদন ডাকযোগে পাঠাতে অনুরোধ করা যাচ্ছে।

**ঠিকানা:** মানবসম্পদ বিভাগ, কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসি, লেভেল – ১১, টাওয়ার – ২, পুলিশ প্লাজা কনকর্ড, গুলশান -১।

**আবেদনের শেষ তারিখ:** নভেম্বর ২০, ২০২৫